# নেত্রকোনা পৌরসভা কার্যালয়

নেত্রকোনা
স্থাপিত-১৮৮৭ খ্রিঃ
দূরালাপনী : ০২৯৯৬৬৫১৫৭১
www.netrakonapourashava.com
ই-মেইল : netrakonapourashava@gmail.com

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-নেত্রঃ/পৌরঃ/প্রশাঃ/২০২৩/২৬ তারিখ : ০৪/০১/২০২৩ খ্রিঃ

# নিয়োগ বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, পৌর-১ শাখা স্মারক নং-৪৬.০০.০০০০.০৬৩.১১.০১৭.২২-১৬৭৫ তারিখ : ২৭ অগ্রহায়ণ-১৪২৯ বঙ্গাব্দ, ১২ ডিসেম্বর ২০২২ খ্রিঃ এর ছাড়পত্র অনুযায়ী নেত্রকোনা পৌরসভা কার্যালয়ে নিম্নে বর্ণিত শূন্যপদসমূহে অস্থায়ী ভিত্তিতে কর্মচারী নিয়োগের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশী নাগরিকগণের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | বেতন স্কেল | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১ | সহকারী এসেস | ৯৭০০-২৩৪৯০/= | ০২ (দুই) টি | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রি। |
| ০২ | সহকারী লাইসেন্স পরিদর্শক | ৯৩০০-২২৪৯০/= | ০১ (এক) টি | স্বীকৃত শিক্ষা বোর্ডের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পাস অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা। |
| ০৩ | সহকারী কর আদায়কারী | ৯৭০০-২৩৪৯০/= | ০২ (দুই) টি | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রি। |
| ০৪ | সড়ক বাতি পরিদর্শক | ৯৩০০-২২৪৯০/= | ০১ (এক) টি | সংশ্লিষ্ট ক্ষেত্রে বাস্তব অভিজ্ঞতাসহ স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক পাস অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা থাকিতে হইবে। |
| ০৫ | বিদ্যুৎ মিস্ত্রি | ৯৩০০-২২৪৯০/= | ০১ (এক) টি | স্বীকৃত শিক্ষাবোর্ড হইতে মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ সশ্লিষ্ট কোর্সে বি-সেকশন লাইসেন্সধারী হইতে হইবে। |
| ০৬ | লাইনম্যান | ৯০০০-২১৮০০/= | ০১ (এক) টি | স্বীকৃত প্রতিষ্ঠান হইতে বৈদ্যুতিক সংযোগ কাজে প্রশিক্ষণ কোর্সের সনদপ্রাপ্ত। অবশ্যই বি-শ্রেণির বৈদ্যুতিক ওয়ার্ক পারমিট থাকিতে হইবে। ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা অষ্টম শ্রেণি পাস হইতে হইবে। |
| ০৭ | বিদ্যুৎ হেল্পার | ৮৮০০-২১৩১০/= | ০১ (এক) টি | সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতাসহ ন্যূনতম ৮ম শ্রেণি পাস। |
| ০৮ | ট্রাক/ট্রাক্টর চালক | ৯৭০০-২৩৪৯০/= | ০১ (এক) টি | ৮ম শ্রেণি পাসসহ যানবাহন চালকের বৈধ লাইসেন্স এবং সংশ্লিষ্ট বিষয়ে ৩ বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ০৯ | স্যানিটারি ইন্সপেক্টর | ১১০০০-২৬৫৯০/= | ০১ (এক) টি | এইচ,এস,সিসহ মেডিকেল টেকনোলজিতে সেনিটারি ইন্সপেক্টরশিপ। তবে ৩ বৎসরের কোর্স সম্পন্ন প্রার্থী পাওয়া না গেলে ১ বৎসর বা সমমানের কোর্স সম্পন্ন প্রার্থীকে নিয়োগ করা যাইতে পারে। |
| ১০ | স্বাস্থ্য সহকারী | ৯৩০০-২২৪৯০/= | ০১ (এক) টি | স্বীকৃত শিক্ষাবোর্ড হইতে এইচ,এস,সি পাস। (বিজ্ঞান বিভাগ/জীববিজ্ঞানসহ) বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ১১ | টিকাদানকারী সুপারভাইজার | ৯৩০০-২২৪৯০/= | ০১ (এক) টি | স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক পাসসহ বাস্তবঅভিজ্ঞতা। |
| ১২ | ঠিকাদানকারী (পুরুষ+মহিলা) | ৯০০০-২১৮০০/= | ০২ (পুঃ ১+মঃ ১) টি | স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে মাধ্যমিক পাস হইতে হইবে। টিকাদান কাজে প্রশিক্ষণপ্রাপ্ত প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ১৩ | ট্রাক হেল্পার | ৮২৫০-২০০১০/= | ০১ (এক) টি | সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞাসহ ৮ম শ্রেণি পাস। |

-ঃ শর্তাবলি ঃ-

০১। আবেদনকারীকে নিম্ন স্বাক্ষরকারীর বরাবর জন্ম তারিখ, বর্তমান ও স্থায়ী ঠিকানা উল্লেখপূর্বক সম্পূর্ণ জীবন-বৃত্তান্তসহ স্বহস্তে লিখিত আবেদন, সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (যদি থাকে) সনদের অনুলিপি, বয়স প্রমাণের জন্য জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদের অনুলিপি, সিটি কর্পোরেশনের কাউন্সিলর/পৌরসভার মেয়র/ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত স্থায়ী ঠিকানা উল্লেখপূর্বক নাগরিকত্ব সনদের অনুলিপি ও সদ্য তোলা ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি, মোবাইল নম্বরসহ সকল কাগজপত্রের অনুলিপি অবশ্যই ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে আবেদনপত্রের সঙ্গে সংযুক্তাকারে ৩১-০১-২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে ডাকযোগে পৌছাতে হবে। সরাসরি কোন আবেদনপত্র গ্রহণ করা হবেনা।

০২। সকল পদের জন্য আবেদনকারীর বয়স ৩১-০১-২০২৩ খ্রিঃ তারিখে ১৮-৩০ বছর হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান বা পোষ্যের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদপত্র ও বিধি মোতাবেক যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক পোষ্য সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে) আবশ্যিকভাবে দাখিল করতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবেনা।

০৩। উল্লেখিত পদসমূহে আবেদনের ক্ষেত্রে প্রার্থীদের বয়স ২৫-০৩-২০২০ তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে থাকলে উক্ত প্রার্থীগণ আবেদন করার সুযোগ পাবেন।

০৪। আবেদনের সঙ্গে প্রতিটি পদের জন্য "মেয়র" নেত্রকোনা পৌরসভা, জেলা-নেত্রকোনা'র অনুকূলে বাংলাদেশের যে কোন তফসিলভুক্ত ব্যাংক হতে ৪০০/= (চারশত) টাকা মূল্যমানের পে-অর্ডার (অফেরতযোগ্য) এবং পত্র যোগাযোগের জন্য নাম ঠিকানা উল্লেখপূর্বক ১০/= (দশ) টাকা মূল্যমানের ডাক-টিকিট সম্বলিত একটি ফেরত খাম অবশ্যই সংযোজনপূর্বক দাখিল করতে হবে।

০৫। চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

০৬। আবেদনপত্র সম্বলিত খামের উপরে অবশ্যই পদের নাম উল্লেখ করতে হবে।

০৭। কোটা সংরক্ষণ বিষয়ে সরকারের প্রচলিত সকল নীতিমালা অনুসৃত হবে।

০৮। লিখিত ও মৌখিক পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রার্থী বাছাই করা হবে। পরীক্ষার তারিখ ও সময় যথাসময়ে অবহিত করা হবে।

০৯। কোন প্রকার তথ্য গোপন করা/ভুল তথ্য প্রদান করে চাকুরীতে নিয়োগপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগের আদেশ বাতিল করতঃ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০। যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন বা বিবাহ করার প্রতিশ্রুতি বদ্ধ হন কিংবা কোন ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দণ্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরী হতে বরখাস্ত হয়ে থাকেন তবে তিনি আবেদন করার যোগ্য হিসেবে বিবেচিত হবেন না।

১১। এই নিয়োগে পৌরসভা কর্মচারী চাকুরী বিধিমালা ১৯৯২ এবং এ সংক্রান্ত অন্যান্য বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।

১২। কোন রূপ সুপারিশ ও তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

১৩। অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১৪। নিয়োগকৃত কর্মচারীর বেতন-ভাতাদি সংশ্লিষ্ট পৌরসভার রাজস্ব তহবিল হতে প্রদান করা হবে।

১৫। এই নিয়োগ প্রক্রিয়া সংক্রান্ত সর্বময় ক্ষমতা পৌর কর্তৃপক্ষ সর্বদা সংরক্ষণ করেন।

০৪/০১/২৩

(মোঃ নজরুল ইসলাম খান)
মেয়র
নেত্রকোনা পৌরসভা
ও
আহ্বায়ক
কর্মচারী নিয়োগ ও বাছাই কমিটি
নেত্রকোনা পৌরসভা
নেত্রকোনা।